গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাহজাদপুর,সিরাজগঞ্জ।

স্মারক নং-০৫.৪৩.৮৮০০.০০০.১৪.০০৮.২৩- তারিখ ঃ ২৭/০৩/২০২৩খ্রি.

মহল্লাদার পদে নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজাদপুর উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়নসমূহের পার্শ্বে উল্লিখিত ওয়ার্ডসমূহের প্রতিটিতে বর্ণিত বেতনে দফাদার ও মহল্লাদার পদে লোক নিয়োগের নিমিত্ত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	ইউনিয়নের নাম	পদের নাম	শূণ্য পদের সংখ্যা	বেতন
০১	খুকনী ইউনিয়ন পরিষদ	দফাদার	১জন	সরাসরি নিয়োগের ক্ষেত্রে এইচএসসি পাশ/কর্মরত যোগ্য মহল্লাদারদের মধ্য হতে পদোন্নতির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
২	কৈজুরী	মহল্লাদার	১জন	সরকার নির্ধারিত বেতন ভাতা
৩	গাড়াদহ	মহল্লাদার	১জন	
৪	বেলতৈল	মহল্লাদার	১জন	

শর্তাবলী ঃ

০১। প্রার্থীকে নির্ধারিত নমুনা অনুসরণ পূর্বক উপজেলা নির্বাহী অফিসার,শাহজাদপুর,সিরাজগঞ্জ বরাবরে স্বহস্তে লিখিত আবেদন দাখিল করতে হবে। নমুনা আবেদনপত্র এ বিজ্ঞপ্তির শেষে দেয়া হলো।

০২। আগামী ২৯/০৩/২০২৩ হতে ২৭/০৪/২০২৩ তারিখের মধ্যে ডাকযোগে অথবা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি উপস্থিত হয়ে আবেদন দাখিল করা যাবে। তবে ডাকযোগে প্রেরিত কোন আবেদন ২৭/০৪/২০২৩তারিখের পর নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পাওয়া গেলে তা বাতিল বলে গণ্য হবে।

০৩। একজন প্রার্থী একাধিক ওয়ার্ডের মহল্লাদার পদে আবেদন করতে পারবেন না।

০৪। আবেদনপত্র দাখিলের সর্ব প্রথম তারিখে প্রার্থীর বয়স অবশ্যই ১৮ বছর হতে ৩০ বছরের মধ্যে হতে হবে।

০৫। প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

০৬। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে কোন কারণে সংশ্লিষ্ট ওয়ার্ড হতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের অন্য কোন ওয়ার্ডের প্রার্থীকে নিয়োগ দেওয়া যাবে।

০৭। প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতাসম্পন্ন হতে হবে ঃ

প্রার্থী	সর্বনিম্ন উচ্চতা	সর্বনিম্ন ওজন	সর্বনিম্ন বুকের মাপ	
			স্বাভাবিক অবস্থায়	সম্প্রসারিত অবস্থায়
পুরুষ	৫ ফুট ২ ইঞ্চি	৫০ কেজি	৩০ ইঞ্চি	৩২ ইঞ্চি
মহিলা	৫ ফুট	৪৫ কেজি	২৮ ইঞ্চি	৩০ ইঞ্চি

০৮। আবেদনের সাথে ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, প্রার্থী সংশ্লিষ্ট ওয়ার্ড / ইউনিয়নের স্থায়ী বাসিন্দা মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি, বয়সের প্রমাণস্বরুপ জন্ম সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, প্রার্থীর অনলাইন ভোটার আইডির সত্যায়িত অনুলিপি এবং ১০ (দশ) টাকার ডাক টিকেটসহ ০১ (এক) টি ফেরত খাম দাখিল করতে হবে।

০৯। এ নিয়োগের ক্ষেত্রে যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লারদার এর পুত্র কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে।

চলমান পাতা-০২

১০। এ নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত কোটা পদ্ধতি সম্পর্কিত নির্দেশাবলী, যতদুর সম্ভব অনুসরণ করা হবে।

১১। এ নিয়োগের ক্ষেত্রে এ বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই এমন কোন বিষয়ের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ০৪ মে ২০১৫ তারিখে জারীকৃত স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর বিধানাবলী এবং সরকার কর্তৃক জারীকৃত এবং বর্তমানে বলবৎ আছে এমন অন্যান্য বিধানাবলী অনুসরণ করা হবে।

স্বাক্ষরিত/-
(সাদিয়া আফরিন)
উপজেলা নির্বাহী অফিসার
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

স্মারক নং-০৫.৪৩.৮৮০০.০০০.১৪.০০৮.২৩-

তারিখ ঃ ২৭/০৩/২০২৩খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। জেলা প্রশাসক,সিরাজগঞ্জ।

২। উপপরিচালক,স্থানীয় সরকার,সিরাজগঞ্জ।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।

৪। উপজেলা................................ অফিসার (সকল),শাহজাদপুর,সিরাজগঞ্জ। বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

৫। অফিসার ইনচার্জ, শাহজাদপুর থানা/ অফিসার ইনচার্জ এনায়েতপুর থানা, সিরাজগঞ্জ। বিজ্ঞপ্তিটি তার থানার নোটিশ বোর্ডে প্রদান এবং বর্তমানে কর্মরত দফাদার ও মহল্লাদারদের মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিয়ন ও ওয়ার্ডসমূহে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৬। চেয়ারম্যান, গাড়াদহ/বেলতৈল/খুকনী ও কৈজুরী ইউনিয়ন পরিষদ, শাহজাদপুর, সিরাজগঞ্জ। বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশ এবং ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে প্রদানসহ ইউনিয়ন ও সংশ্লিষ্ট ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান ও হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করতঃ তার প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৭। সহকারী প্রোগ্রামার, শাহজাদপুর,সিরাজগঞ্জ। বিজ্ঞপ্তিটি উপজেলা তথ্য বাতায়নে এবং উপজেলা প্রশাসনের ফেসবুক পেইজে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৮। এ কার্যালয়ের নোটিশ বোর্ড।

৯। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

আবেদনপত্রের নমুনা

বরাবর
উপজেলা নির্বাহী অফিসার
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

বিষয় ঃ মহল্লাদার পদে নিয়োগের জন্য আবেদন।

মহোদয়,

আপনার কার্যালয় হতে .... খ্রিঃ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি মারফত জানতে পারলাম যে, শাহজাদপুর উপজেলাধীন .... নং .... ইউনিয়নের .... নং ওয়ার্ডের মহল্লাদার পদে একজন লোক নিয়োগ করা হবে। উক্ত পদের জন্য আমি একজন প্রার্থী। নিম্নে আমার ব্যক্তিগত এবং যোগ্যতা সম্পর্কিত তথ্যাবলী প্রদান করা হলো।

০১। প্রার্থীর নাম (বাংলায়) ঃ ....

(ইংরেজীতে) ঃ ....

০২। লিঙ্গ ঃ ....

০৩। পিতার নাম ঃ ....

০৪। মাতার নাম ঃ ....

০৫। স্থায়ী ঠিকানা ঃ গ্রাম:.............................ইউনিয়ন: .... ওয়ার্ড নং ....

উপজেলা:............................ জেলা:..

০৬। বর্তমান ঠিকানা ঃ গ্রাম:.............................ইউনিয়ন: .... ওয়ার্ড নং ....

উপজেলা:............................ জেলা:..

০৭। (ক) জন্ম তারিখ ঃ ....

(খ) .... তারিখে বয়স:...........................বছর...........................মাস......................দিন

০৮। জাতীয়তা ঃ ....

০৯। ধর্ম ঃ ....

১০। বৈবাহিক অবস্থা ঃ ....

১১। শিক্ষাগত যোগ্যতা ঃ..

১২। শারীরিক যোগ্যতা ঃ (ক) উচ্চতা .... (খ) ওজন ....

(গ) বুকের মাপ স্বভাবিক অবস্থায়............................সম্প্রসারিত অবস্থায় ....

১৩। (ক) প্রার্থী সংশ্লিষ্ট ওয়ার্ডের মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদারের পুত্র, কন্যা বা সরাসরি পোষ্য কিনা?..............................

(খ) হ্যাঁ হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদারের নাম ঃ ....

(গ) মৃত্যুর / অবসর গ্রহণের তারিখ ঃ ....

১৪। (ক) প্রার্থী অন্য কোন কোটার দাবীদার কিনা?..

(খ) হ্যাঁ হলে কোটার নাম ঃ ....

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত সকল তথ্য সত্য। আমার প্রদত্ত কোন তথ্যের গড়মিল পাওয়া গেলে বা মিথ্যা প্রমাণিত হলে আমার আবেদন বাতিল বলে গণ্য হবে এবং আমার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা মেনে নিতে বাধ্য থাকবো।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ